

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ।

অফিস আদেশ

পত্র সংখ্যা : জেশিঅ/সিরাজ/ডিজি-র প্রতিনিধি মনোনয়ন/২০২০/

তারিখ : ১০/২০২০ খ্রিঃ

সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন ঠুটিয়া উচ্চ বিদ্যালয়-এ শূন্যপদে সহকারী প্রধান শিক্ষক নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিয়োগ বোর্ডে ০১ জন ডিজি'র প্রতিনিধি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আবেদনপত্র দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র যাচাই অন্তে দেখা যায় যে, স্কুলটি সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলায় অবস্থিত। প্রতিষ্ঠানটির এমপিও কোড নং-৮২০৬০৯১৩০২। প্রতিষ্ঠানে অনুমোদিত শিক্ষক পদ সংখ্যা ১৩ জন এবং কর্মচারি সংখ্যা ০৪ জন। কর্মরত শিক্ষক সংখ্যা ১১ জন এবং কর্মরত কর্মচারী সংখ্যা ০৩ জন হওয়ায় সংশ্লিষ্ট পদের প্রাপ্যতা রয়েছে। বিদ্যালয়টি মাধ্যমিক স্তরে এমপিও ভুক্ত। প্রচলিত বিধি অনুযায়ী অনুমোদিত ১৩ জনের ২০% হিসেবে ২.৬০ অর্থাৎ ০২ মহিলা শিক্ষক থাকার কথা তদস্থলে ০১ জন মহিলা শিক্ষক কর্মরত থাকায় মহিলা কোটা পূরণ নাই, তবে সহকারী প্রধান শিক্ষক প্রশাসনিক পদ হওয়ায় মহিলা কোটা শিথিলযোগ্য। উপরন্তু হালনাগাদ কমিটি আছে এবং কোন প্রকার মামলাও নেই। ফলে প্রচলিত বিধি অনুসরণে প্রাপ্যতা যথাযথ থাকায় সহকারী প্রধান শিক্ষক পদে মহাপরিচালক, মাউশি, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের পক্ষে ৪ নম্বর কলামে বর্ণিত কর্মকর্তাকে নিয়োগ বোর্ডে ডিজি'র প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেওয়া হলো।

ক্র.নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	পদের নাম ও সংখ্যা	ডিজি'র প্রতিনিধির পদবী ও ঠিকানা
১	২	৩	৪
০১	ঠুটিয়া উচ্চ বিদ্যালয় ডাকঘর : কৈজুরি হাট, উপজেলাঃ শাহজাদপুর জেলাঃ সিরাজগঞ্জ।	১। সহকারী প্রধান শিক্ষক - ০১ জন	প্রধান শিক্ষক কাজিপুর এ এম ইউ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ।

অনুসরণীয় শর্তাবলী :

- ০১। ১২/০৬/২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫ সংখ্যক স্মারক নম্বর শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুসরণ করতে হবে।
- ০২। এমপিও ভুক্তির সকল শর্ত পূরণ না হলে শুধু এই নিয়োগ এমপিও ভুক্তির নিশ্চয়তা বহন করে না।
- ০৩। এই নিয়োগের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের উপর কোন দায়-দায়িত্ব বর্তাবে না।
- ০৪। সংশ্লিষ্ট নিয়োগের তারিখ মহাপরিচালক, মাউশি অধিদপ্তর এবং অত্র দপ্তর-কে অবহিত করতে হবে।
- ০৫। নিয়োগের সময় মহানগর ও জেলা সদরের পৌর এলাকায় ৪০% ও অন্যান্য এলাকায় ২০% মহিলা কোটা পূরণ করতে হবে এবং এতদসংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সকল আদেশ অনুসরণ করতে হবে।
- ০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান যথাযথভাবে পালিত হচ্ছে কি-না সে বিষয়ে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি-কে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। এতদসংক্রান্ত বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনীত ডি.জি'র প্রতিনিধিই ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ০৭। যাচাই-বাছাই কমিটিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার থাকবেন। কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ শাখার সহকারী পরিচালক (৯৫৫৬০৪১ অথবা উপ-পরিচালক (মাধ্যমিক) এর সাথে যোগাযোগ করতে পরামর্শ দেয়া হলো।
- ০৮। পত্রিকায় প্রকাশিত সর্বশেষ বিজ্ঞপ্তির তারিখ হতে নিয়োগতব্য শিক্ষক-কর্মচারীর কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা স্পষ্ট উল্লেখ করা হয়েছে কিনা তা যাচাইসহ ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ সংক্রান্ত সকল কার্য সুসম্পন্ন করতে হবে।
- ০৯। ইনডেক্সধারী শিক্ষকদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং পূর্ববর্তী প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে N.O.C নিতে হবে।
- ১০। নিয়োগতব্য পদের বিপরীতে বা কমিটির বিরুদ্ধে মামলা বিচারার্থীনসহ নিয়োগে নিষেধাজ্ঞা থাকলে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ১১। প্রতিষ্ঠানের হাল নাগাদ অনুমোদিত কমিটি ও স্বীকৃতি না থাকলে নিয়োগ পরীক্ষা গ্রহণ করা যাবে না।
- ১২। মহাপরিচালক, মাউশি, ঢাকা মহোদয়ের প্রতিনিধিকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে গিয়ে পরীক্ষা গ্রহণ করতে হবে।

প্রধান শিক্ষক
কাজিপুর এ এম ইউ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্বাঃ
(মোঃ শফীউল্লাহ)
জেলা শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ।

পত্র সংখ্যা : জেশিঅ/সিরাজ/ডিজি-র প্রতিনিধি মনোনয়ন/২০২০/২৪২

তারিখ : ১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ-তাঁকে নিয়োগ বোর্ড/নির্বাহী বোর্ড অনুষ্ঠিত হওয়ার পূর্বেই ডিজি'র প্রতিনিধির সাথে যোগাযোগ করে প্রার্থীদের আবেদনপত্র যাচাই এবং অভিজ্ঞতা, সনদপত্র সংশ্লিষ্ট বিধি মোতাবেক যাচাই করে বোর্ড গঠনের তারিখ নির্ধারণ পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সভাপতি, ঠুটিয়া উচ্চ বিদ্যালয়, ডাকঘর : কৈজুরি হাট, উপজেলাঃ শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ।
- ৫। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ঠুটিয়া উচ্চ বিদ্যালয়, ডাকঘর : কৈজুরি হাট, উপজেলাঃ শাহজাদপুর, জেলাঃ সিরাজগঞ্জ।
- ৬। সংরক্ষণ নথি।

স্বাঃ
(মোঃ শফীউল্লাহ)
জেলা শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ।